চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

চট্টগ্রাম

www.ccc.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

**(প্রেস বিজ্ঞপ্তি)** ২৭ এপ্রিল ২০২২

ইউএনডিপি ও ইউকেএইড এর সহায়তায়

**নগরীর সাড়ে ৬শ গর্ভবতী ও মাতৃদুগ্ধদানকারী মাকে খাদ্য সহয়তা প্রদান**

নগরীর সাড়ে ৬শ গর্ভবতী ও মাতৃদুগ্ধদানকারী মায়ের মাঝে আজ বুধবার সকালে সিটি কর্পোরেশনের টাইগারপাশস্থ কনফারেন্স রুমে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী পক্ষে ওয়ার্ড কাউন্সিলর ওয়াসিম উদ্দিন চৌধুরী খাদ্য দ্রব্য বিতরণ করেন। ইউএনডিপি ও ইউকেএইড এর সহায়তায় বাস্তবায়িত প্রান্তিক জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন প্রকল্পের আওতায় এই পুষ্টি খাদ্যসহায়তা প্রদান করা হয়। আগামী ১২ মাস এই কার্যক্রম চলবে। খাদ্য সহায়তার মধ্যে রয়েছে ভোজ্য তেল, ডিম ও ডাল। নগরীর ২০টি ওয়ার্ডের উপকারভোগীদের মাঝে নির্ধারিত সরবরাহকারীর মাধ্যমে এই পুষ্টি খাদ্য সহায়তা পৌঁছে দেয়া হয়।

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সচিব খালেদ মাহমুদ সভাপতিত্বে খাদ্য সহায়তা প্রদান অনুষ্ঠানে আরো বক্তব্য রাখেন মেয়রের একান্ত সচিব আবুল হাশেম, প্রান্তিক জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন প্রকল্পের টাউন ম্যানেজার মো. সরোয়ার হোসেন খান, আর্থ সামাজিক ও পুষ্টি বিশেষজ্ঞ মো. হানিফ, টাউন ফেডারেশনের চেয়ারপার্সন কোহিনুর আক্তার।

পাথরঘাটা ওয়ার্ডে ইফতার সামগ্রী বিতরণকালে মেয়র

## নিত্য পণ্যের দাম বাড়িয়ে জনগণের ভোগান্তি সৃস্টিকারীদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নিতে হবে

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী বলেছেন, বিশ্বের অন্যন্য দেশে রমজান মাসের দ্রব্য মূল্যে দাম কমিয়ে দেয়া হয় এবং মূল্য হ্রাসসহ জনসাধারণের প্রয়োজনীয় নিত্যপণ্য সহজলভ্য করা হয়, কিন্ত আমাদের দেশ তার বিপরীত। কিছু অসাধু অতি মুনাফা লোভী ব্যবসায়ী কারসাজি করে দ্রব্য মূল্যে দাম বাড়িয়ে দিয়ে বাজারে অস্থিরতা সৃষ্টির মাধ্যমে সাধারণ মানুষকে ভোগান্তিতে ফেলে। এটা অত্যন্ত দু:খজনক। সিয়াম সাধনার এই পবিত্র মাসে কিভাবে একজন সাধারন মানুষকে ঠকানো যায়, অসাধু ব্যবসায়ীরা সেই চেষ্টায় করে যান। এই মহলটিকে চিহ্নিত করে তাদের বিরূদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নিতে হবে। আজ বুধবার বিকেলে পাথরঘাটা পুরবী সিনেমা হল এলাকায় ওয়ার্ড কাউন্সিলর পুলক খাস্তগীরের ব্যক্তিগত উদ্যোগে ইফতার সামগ্রি বিতরনের অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি একথা বলেন।

ওয়ার্ড কাউন্সিলর পুলক খাস্তগীরের সভাপতিত্বে অনুষ্ঠানে উপস্থিত ছিলেন-কাউন্সিলর আবদুল মান্নান, মশিউর রহমান রোকন, আফসার উদ্দিন, ফজলে আমিন বাবুলসহ ওয়ার্ড আওয়ামী লীগ, যুবগলী, স্বেচ্ছাসেবক লীগ, ছাত্রলীগসহ অঙ্গ ও সহযোগী সংগঠনের নেতৃবৃন্দ।

চসিকের ভ্রাম্যমাণ আদালত পরিচালিত

## ফুটপাত ও রাস্তা দখল করে ব্যবসা করার অপরাধে
## ৮ ব্যক্তির বিরুদ্ধে মামলা রুজু পূর্বক ২৪ হাজার ৫ শত টাকা জরিমানা

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে আজ বুধবার নগরীতে মোবাইল কোর্ট পরিচালিত হয়। নির্বাহী ম্যাজিস্ট্রেট মারুফা বেগম নেলী'র নেতৃত্বে পোর্ট কানেক্টিং রোডের নয়াবাজার, সরাইপাড়া ও সাগরিকা মোড়ে ফুটপাত ও রাস্তার উপর ব্যবসায়িক মালামাল, লোহাজাত দ্রব্যের স্তুপ ও নির্মাণ সামগ্রী রেখে জনসাধারণের চলাচলের প্রতিবন্ধকতার সৃষ্টির দায়ে ৪ ব্যক্তির বিরুদ্ধে মামলা রুজু পূর্বক ১৬ হাজার ৫ শত টাকা জরিমানা আদায় করা হয়। একই অভিযানে পাহাড়তলী থানাধীন আবদুল আলী হাট বাজারে নগরীতে নিষিদ্ধ ঘোষিত পলিথিনের বিরুদ্ধে অভিযান পরিচালিত হয়।

এছাড়াও অপর এক অভিযানে স্পেশাল ম্যাজিস্ট্রেট মনীষা মহাজনের নেতৃত্বে নগরীর আমবাগান সড়ক ও ওয়ার্লেস এলাকায় ফুটপাত দখল করে মালামাল ও  নির্মান সামগ্রী রেখে চলাচলে প্রতিবন্ধকতা সৃষ্টির দায়ে ৪ ব্যক্তির বিরুদ্ধেও মামলা রুজু পুর্বক ৮ হাজার টাকা জরিমানা করা হয়। একই আদালত কর্তৃক চট্টগ্রাম সিটি কর্পোরেশনের নিরাপদ খাদ্য পরিদর্শকের দায়েরকৃত মোকদ্দমায় জনৈক ব্যক্তিকে ৩ হাজার টাকা জরিমানা করা হয়। অভিযানকালে সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা-কর্মচারী ও চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ  ম্যাজিস্ট্রেটগণকে সহায়তা প্রদান করেন।

বঙ্গবন্ধু প্রকৌশলী পরিষদের সভায় মেয়র

## চট্টগ্রাম গরীর সৌন্দর্য বর্ধনে বঙ্গবন্ধু প্রকৌশলী
## পরিষদকে ভূমিকা রাখতে হবে

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মোঃ রেজাউল করিম চৌধুরী বলেছেন, সরকার একটি উন্নত ও সমৃদ্ধ বাংলাদেশ গড়ার মাধ্যমে জাতির পিতার লালিত স্বপ্ন পূরণের করে সবার মুখে হাসি ফোটাতে প্রতিশ্রুতিবদ্ধ। করোনা ভাইরাস মানুষকে একটি শিক্ষা দিয়ে গেছে যে, অর্থ-সম্পদ টাকা পয়সা শেষ পর্যন্ত কোন কাজে লাগে না। মরলে তো সবাই চলে যেতে হয়। কাজেই সম্পদের পিছে ছুটে নিজেকে মানুষের কাছে অসম্মানের জায়গায় রাখার কোন মানে হয় না। বরং দুঃখী মানুষের পাশে দাঁড়িয়ে একজন মানুষের মুখে হাসি ফোটানোর চেয়ে বড় কিছু হতে পারে না। তাই সমাজের প্রতি প্রকৌশলীদের দায়িত্ব নিতে হবে। তিনি চট্টগ্রাম নগরীর সৌন্দর্য বর্ধনে বঙ্গবন্ধু প্রকৌশলী পরিষদকে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখার আহ্বান জানান। আজ বুধবার নগরীর ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউটে বঙ্গবন্ধু প্রকৌশলী পরিষদের উদ্যোগে  ইফতার ও দোয়া মাহফিলে  প্রধান অতিথির বক্তব্য তিনি একথা বলেন।

প্রকৌশলী মো. হারুনের  সভাপতিত্বে বিশেষ অতিথির বক্তব্য রাখেন জেলা পরিষদের সাবেক চেয়ারম্যান এম এ সালাম। এতে আরো বক্তব্য রাখেন উত্তর জেলা আওয়ামী লীগ নেতা এটিএম পেয়ারুল ইসলাম, চট্টগ্রাম প্রকৌশল  বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ড. রফিকুল আলম, প্রকৌশলী এনামুল বাকী, ড. রশিদ আহম্মদ চৌধুরী,  প্রকৌশলী এম এ রশিদ, প্রকৌশলী রফিকুল ইসলাম মানিক, প্রকৌশলী খোরশেদ উদ্দিন আহমেদ বাদল, বঙ্গবন্ধু প্রকৌশলী পরিষদের সাধারণ সম্পাদক সাদেক মোহাম্মদ চৌধুরী,  প্রকৌশলী মোঃ শাহজাহান, ইফতেখার আহমদ, প্রকৌশলী আশিকুল ইসলাম,  প্রকৌশলী মঈন উদ্দিন জুয়েল,সাইফ উদ্দিন মোহাম্মদ ফোরকান চৌধুরী,  প্রকৌশলী আশিকুল ইসলাম, সাঈদ ইকবাল পারভেজ, অসীম সেন, সৈকত কান্তি দে, প্রদীপ বড়ুয়া, সাকিব আমান, কে এম রোকনুজ্জামান, আবুল হাসান প্রমুখ।

মেয়র আরো বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনা চট্টগ্রাম নগরীকে বিশ্বের একটি অনন্য নগরী হিসেবে গড়ে তোলার সার্বিক প্রচেষ্টা চালাচ্ছেন। এ প্রচেষ্টা বাস্তবায়নে প্রকৌশলীদের ভূমিকা হবে তাৎপর্যপূর্ণ। চট্টগ্রামের নগরীকে সৌন্দর্য মন্ডিত করা গেলে সারাদেশে এর প্রভাব পড়বে।

এমএ সালাম বলেন, চট্টগ্রামকে অর্থনৈতিক হাব হিসেবে গড়ে তোলার জন্য যে উন্নয়ন প্রক্রিয়া চলছে তা বাস্তবায়নে প্রকৌশলী সমাজকে আন্তরিকভাবে দায়িত্ব পালন করতে হবে। তিনি বঙ্গবন্ধু প্রকৌশলী পরিষদকে চট্টগ্রামের উন্নয়নে কাজ করতে আহ্বান জানান। সভায় মেয়র মো. রেজাউল করিম চৌধুরীকে প্রধান পৃষ্ঠপোষক, সৈয়দ মো. ইউসুফকে সহসভাপতি, মইনুদ্দিন জুয়েলকে বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক সম্পাদক, সাইফুদ্দিন মো. ফোরকান চৌধুরীকে ছাত্র বিষয়ক সম্পাদক, মো.

আশিকুল ইসলামকে তথ্য বিষয়ক সম্পাদক হিসেবে বঙ্গবন্ধু প্রকৌশলী পরিষদের চট্টগ্রাম অঞ্চলের কমিটিতে অন্তর্ভুক্ত করা হয়।

**স্বাক্ষরিত/-**
(কালাম চৌধুরী)
জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)
চট্টগ্রাম সিটি কর্পোরেশন
মোবাইল-০১৮২৪-৪৭৭৬৯৩